# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.08.2024** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর হাসপাতালে চিকিৎসকের ধর্ষণ ও খুন এবং হাসপাতালের ভাঙচুরের ঘটনায় রাজ্য জুড়ে আজও তীব্র প্রতিবাদ বিক্ষোভ চলেছে।

তদন্তকারী সিবিআই জেরা করছে প্রাক্তন অধ্যক্ষ ও চেস্ট বিভাগের প্রধান সহ তিনজনকে। আইএমএ আগামীকাল দেশজুড়ে ২৪ ঘন্টার কর্মবিরতির ডাক দিয়েছে।

২) এই ঘটনায় রাজ্য সরকারকে বদনাম করার চেষ্টা চালানো হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ।

কলকাতা পুলিশকে নিয়েও গুজব ছড়ানো হচ্ছে বলেও নগরপাল মন্তব্য করেছেন।

অন্যদিকে বিজেপি সহ অন্য বিরোধী দলগুলি আবারও মুখ্যমন্ত্রীকেই দায়ী করে তাঁর পদত্যাগ দাবি করেছে।

৩) এর প্রতিবাদে এসইউসিআইএ-র ডাকা আজ ১২ ঘন্টা বনধে মিশ্র প্রভাব পড়ে।

৪) আর জি করের ঘটনার পর চিকিৎসকদের বিরুদ্ধে হিংসার যেকোনো ঘটনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে ৬ ঘন্টার মধ্যে এফআইআর দায়ের করতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশ দিয়েছে।

৫) কৌশিক গাঙ্গুলীর কাবেরি অন্তর্ধান, জাতীয় চলচ্চিত্র পুরস্কারে শ্রেষ্ঠ বাংলা ছবি নির্বাচিত হয়েছে।

৬) ফুটবল প্রেমী দিবসে কলকাতা সহ বিভিন্ন জেলায় ১ হাজার ৫৮ জন আজ রক্তদান করেছেন।

---

কলকাতা আর জি কর হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় তদন্তকারী সিবিআই এখন সিজিও কমপ্লেক্সে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জেরা করছে। এছাড়া দ্বিতীয়বারের জন্য জিজ্ঞাসাবাদ করা হচ্ছে চেস্ট বিভাগের প্রধান ডক্টর অরুণাভ দত্ত চৌধুরী ও প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ঠকে। সিবিআই-এর একটি দল আজও চেস্ট বিভাগের সেমিনার হলে বিভিন্ন নমুনা সংগ্রহের কাজ চালায়।

এদিকে, ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন আইএমএ চিকিৎসকের খুন ও ধর্ষণ এবং ১৪ ই আগস্ট রাতে হাসপাতালে ভাঙচুরের ঘটনার তীব্র নিন্দা করেছে। সংগঠনের পক্ষ থেকে আজ এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, দেশ জুড়ে আগামীকাল সমস্ত চিকিৎসকেরা ২৪ ঘন্টা কর্মবিরতি পালন করবেন। আগামীকাল সকাল ৬ টা থেকে রবিবার ১৮ ই আগস্ট সকাল ৬ টা পর্যন্ত জরুরী বিভাগ ছাড়া আর কোনো বিভাগে কাজ হবে না। বহির্বিভাগ এবং সার্জারিও বন্ধ থাকবে।

আর জি কর কান্ডে কলকাতা পুলিশকে নিয়ে গুজব ছড়ানো হচ্ছে বলে পুলিশ কমিশনার বিনীত গোয়েল মন্তব্য করেছেন। ১৪ তারিখ মধ্যরাতে ঐ হাসপাতালে হামলার ঘটনার ভিডিও আজ প্রকাশ করে পুলিশ কমিশনার বলেন, স্বতঃস্ফূর্তভাবে জমায়েত হলে, তা নিয়ন্ত্রণ করা কঠিন। তবু পুলিশ যথাসাধ্য চেষ্টা করেছে। ইতোমধ্যেই ২৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ৯ জনকে ছবি দেখে সনাক্ত করা হয়েছে। কলকাতা পুলিশের ফেসবুকে অভিযুক্তদের যে ছবি ও ভিডিও পোস্ট করা হচ্ছে সেগুলি সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেওয়ার অনুরোধ জানান তিনি। দোষীরা যে দলেরই সমর্থক হোক না কেন তাদের সম্পর্কে খবর দিলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নগরপাল আশ্বাস দেন। পুলিশ কাউকেই বাঁচানোর চেষ্টা করেছে না বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট – বিনীত গোয়েল)

---------------------------------

অন্যদিকে, রাজ্য সরকারকে বদনাম করার জন্য এক শ্রেণীর সংবাদ মাধ্যম ও বিরোধী দল সব ধরণের চেষ্টা চালাচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উল্লেখ করেন। আজ আর জি কর কান্ডে অপরাধীর ফাঁসির দাবিতে মৌলালি থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মিছিল করে তৃণমূল কংগ্রেস।

মুখ্যমন্ত্রী বলেন, উন্নাও, হাতরাসে নৃশংস ঘটনা ঘটলেও তার প্রতিবাদ কেউ করেন না। আর জি কর-এর ঘটনার প্রথম দিন থেকে তিনি রাজ্য পুলিশকে কড়া ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। তিনি নিজেও পরিবারটির পাশে দাঁড়িয়েছেন বলে মমতা ব্যানার্জী মন্তব্য করেন।

রাজ্যে বাম আমলে ঘটে যাওয়া অনিতা দেওয়ান, তাপসী মালিকের ধর্ষণ ও হত্যার কথাও এ প্রসঙ্গে উল্লেখ করেন তিনি। তৃণমূল নেত্রী আরও বলেন, দলীয় পতাকা নিয়ে ডিওয়াইএফআই, বিজেপি – আর জি করে হামলা চালিয়েছে।

বাইট

---------------------------------

এদিকে, ঐ ধর্ষণ ও খুনের ঘটনায় বিচার ও শাস্তির দাবিতে আজও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। রাজ্যের পাশাপাশি গোটা দেশে এই ঘটনার তীব্র নিন্দায় মুখর হয়েছেন চিকিৎসক, পড়ুয়া, বিদ্বজন থেকে সর্বস্তরের মানুষ। এর প্রতিবাদে আজ কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজের ছাত্র-ছাত্রী, কলেজের প্রাক্তনীরা কালো পোশাক পড়ে মোমবাতি হাতে নিয়ে মিছিল করে। মিছিলে পা মেলান প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, বিক্রম ঘোষ, অরিন্দম শীলের মতো বিশিষ্ট জনেরা। মিছিল শেষে সেন্ট জেভিয়ার্স কলেজ প্রাঙ্গণে মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদ কর্মসূচি পালন করে কলেজের পড়ুয়ারা।

অন্যদিকে, প্রেসিডেন্সি কলেজের ছাত্র-ছাত্রীরা আজ প্রতিবাদ মিছিল করে। মিছিলে তাদের ব্যানারে লেখা ছিল ভয়ের শহর কলকাতা। ছাত্র-ছাত্রীদের ওই মিছিল প্রেসিডেন্সি কলেজ থেকে শ্যামবাজার পর্যন্ত যায়।

দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটি পক্ষ থেকে সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে দলের কর্মী সমর্থকরা আজ ভবানীপুর যদুবাজার এলাকায় বিক্ষোভ দেখায়।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন সবকিছু প্রশাসনের নজরদারি ও মুখ্যমন্ত্রীর মদতেই হয়েছে। অপরাধীরা রেহাই পাবে না বলেও তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

বাইট

বাম যুব সংগঠন ডিওয়াইএফআই রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রী হিসাবে মমতা ব্যানার্জী পুরোপুরি ব্যর্থ বলে তাঁর পদত্যাগ দাবি করেছে। দলের রাজ্য সম্পাদক মিনাক্ষী মুখোপাধ্যায় কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, রাজ্যের মানুষকে যার নিরাপত্তা দেওয়ার কথা তিনি এখন নিরাপত্তার জন্য রাস্তায় নামছেন। একে নাটক বলেও দাবি করেন মিনাক্ষী।

বাইট

-----------------------------------

আর জি করের চিকিৎসকের খুন ও ধর্ষণ এবং পশ্চিমবঙ্গে মহিলাদের ওপর নির্যাতনের ঘটনার প্রতিবাদে ভারতীয় জনতা পার্টি আজ দেশের বিভিন্ন জায়গায় সাংবাদিক সম্মেলন করে। দলের তরফে এক বিবৃতিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেই মহিলাদের ওপর ক্রমবর্ধমান হিংসার ঘটনার জন্য দায়ী করা হয়। মুখ্যমন্ত্রী মা মাটি মানুষের কথা বললেও মেয়েদের জন্য এই রাজ্য আদৌ নিরাপদ নয় বলে তাদের দাবি।

রাহুল গান্ধী এবং আইএনডিআইএ জোটের অন্য নেতারা কেন কলকাতার এই ঘটনায় নীরব, বিজেপি সেই প্রশ্নও তুলেছে।

এদিকে, বিজেপি নেত্রী প্রারক্তন মন্ত্রী স্মৃতি ইরানি এক সাংবাদিক সম্মেলনে বুধবার আর জি করে হামলার ঘটনায় বিজেপির জড়িত থাকার অভিযোগের পাল্টা জবাব দিয়েছেন।

বাইট

-----------------------------------

বিজেপি মহিলা মোর্চা, আর জি কর হাসপাতালে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পদত্যাগ দাবি করেছে। বিজেপির জাতীয় মহিলা মোর্চার প্রেসিডেন্ট ভানতি শ্রীনিবাসন আজ দুপুরে কলকাতা বিমানবন্দরে নেমে সাংবাদিকদের বলেন, মমতা ব্যানার্জী নেতৃত্বাধীন রাজ্য সরকারের কারণে বাংলার মেয়েরা লাগাতার অত্যাচারিত ও লাঞ্ছিত হচ্ছে। মহিলাদের নিরাপত্তা দিতে বর্তমান রাজ্য সরকার ব্যর্থ, আরজিকরের ঘটনা তা প্রমান করছে।

বাইট

-----------------------------------

আর জি করের ঘটনার প্রতিবাদে বিজেপি সমর্থকরা আজ কলকাতা সহ রাজ্যে বিভিন্ন জেলায় বিক্ষোভ অবস্থানে সামিল হন। গত রাতেই শ্যামবাজারে পুলিশ ধর্না মঞ্চ ভেঙে দেয় বলে অভিযোগ। বিজেপি কর্মীরা আজ রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আসার আগে পুনরায় মঞ্চ বাধার চেষ্টা করলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি বাধে। পুলিশ সেই সময় মহিলা কর্মীদের জোরকরে আটক করা হয়। বিজেপি বিধায়ক অশোক কীর্তনীয়া ও বিজেপি নেতা রুদ্রনীল ঘোষকেও আটক করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল অভিযোগ করেন, ৭হাজার দুষ্কৃতী যখন আরজিকরে আক্রমণ চালিয়েছে,সেই সময় পুলিশ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ করতে পারে না। তবে বিজেপি কর্মীরা মানুষের পাশে দাঁড়িয়ে নির্যাতিতার হয়ে আন্দোলন করলে পুলিশ তাদের গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছে। ভয় পেয়ে বিজেপিকে আটকানোর চেষ্টা করা হচ্ছে।

তবে এভাবে আটকাতে পারবেনা। দলের পক্ষ থেকে আদালতে গিয়ে অনুমোদন নিয়ে আবারও এখানে ধর্ণা অবস্থান করা হবে।

অন্যদিকে মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র জানিয়েছেন এরপর তারা জেল ভরো আন্দোলন করবেন। এই ঘটনার প্রতিবাদে দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল,বিজেপি নেত্রী রূপা গাঙ্গুলী প্রমূখ সেখানে রাস্তায় বসে বিক্ষোভ দেখান।

---------------------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে বুধবার রাতের দুষ্কৃতি তান্ডবের প্রতিবাদে আজ রাজ্যে এস ইউ সি আই কমিউনিষ্টের ডাকা ১২ ঘণ্টার ধর্মঘটের মিশ্র প্রভাব পড়ে।

পূর্ব রেলের শিয়ালদা দক্ষিণ শাখায় ডায়মন্ডহারবার লাইনে অবরোধ ও ওভারহেড তারে কলাপাতা ফেলায় সকালের দিকে ট্রেন চলাচল কিছুটা ব্যাহত হয়।

কলকাতায় যান চলাচল মোটের ওপর স্বাভাবিক ছিল। নবান্ন, বিকাশ ভবন, নব মহাকরণ সহ বিভিন্ন সরকারি ও আধা সরকরারি কার্যালয়ে কর্মীদের উপস্থিতি ছিল স্বাভাবিক।

বেহালার ১৪ নম্বর বাসস্ট্যান্ডের কাছে ধর্মঘটীরা পথ অবরোধ করলে পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তি হয়। হাজরাতেও অবরোধকারী এস ইউ সি আই কর্মী সমর্থকদের টেনে হিঁচড়ে সরিয়ে দেয় পুলিশ।

এই বনধকে কেন্দ্র করে মেদিনীপুর শহরে কালেক্টরেট চত্ত্বর রণক্ষেত্রের চেহারা নেয়। এস ইউ সি আই এর একটি মিছিল জেলাশাসকের দফতরের পৌঁছলে পুলিশ তাদের বাধা দেয়। শুরু হয় ধস্তাধস্তি। দুই পক্ষের তিন-চারজন আহত হয়েছেন। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে যায় বিরাট পুলিশ বাহিনী। এই ঘটনায় এ পর্যন্ত দু-জনকে আটক করেছে পুলিশ।

কোচবিহারের সুনিতী রোডে বনধ সমর্থকদের বাধা দেয় পুলিশ। ১১৫ জনকে গ্রেফতার করা হয়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন। দিনহাটা, মাথাভাঙাতেও গ্রেপ্তার হন আরও কয়েকজন এসইউসিআই কর্মী।

জলপাইগুড়িতে বনধের প্রভাব ছিল আংশিক। সরকারি বাস চললেও বেসরকারি বাস বন্ধ চিল। নবাব বাড়ির কাছে এসইউসিআই সমর্থকদের মিছিল শুরু হলে পুলিশের সঙ্গে বচসা বাধে। গ্রেপ্তার হন কয়েকজন বনধ সমর্থক।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জে বনধের কিছুটা প্রভাব লক্ষ্য করা যায়। দোকানপাট ও বাজারহাট বন্ধ ছিল।

বাঁকুড়া শহরে মাচানতলায় বনধ সমর্থককারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি বাধে।

পশ্চিম বর্ধমানে দুর্গাপুর সিটি সেন্টারের কাছে বনধ সমর্থকারীদের বিক্ষোভের জেরে রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে। পুলিশ তাদের সরাতে গেলে দু পক্ষের মধ্যে গন্ডগোল বাধে।

নদীয়ায় কৃষ্ণনগর বাস স্ট্যান্ড থেকে রানাঘাট, শান্তিপুর, নৃসিংহপুর ঘাট ও গুপ্তিপাড়া ঘাটের বাস বন্ধ ছিল। অন্যান্য রুটের অবশ্য বাস চলাচল ছিল স্বাভাবিক। তবে যাত্রী তুলনামূলক কম।

এস ইউ সি আই কমিউনিস্ট আজকের এই ধর্মঘটকে সফল বলে দাবি করেছে। দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস মহাপাত্র এক বিবৃতিতে বলেছেন, আগাম কোনো প্রস্তুতি ছাড়াই এই বনধ পালনের ডাক দেওয়া হয়েছিল। তার মধ্যেই কলকাতা শহরে যতটা জন সমর্থন এবং জেলায় জেলায় সারা পাওয়া গেছে, সেজন্য তিনি রাজ্যবাসীকে অভিনন্দন জানান। তবে পুলিশ প্রশাসন শান্তিপূর্ণ আন্দোলনকারীদের ওপর আক্রমণ চালায় বলে তাঁর আরও অভিযোগ। ৭০ জন মহিলা সহ ২৬৬ জন দলীয় কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। আহত হয়েছেন ৩৩ জন। এদের মধ্যে গুরুতর আহত ৯।

আর জি করের নৃশংস ঘটনার মধ্যেই বুধবার রাতে হাসপাতাল ও ধর্ণা মঞ্চে হামলার প্রতিবাদে রাজ্য জুড়ে আগামীকাল তারা প্রতিবাদ দিবস পালন করবে বলেও চন্ডীদাস বাবু জানিয়েছেন।

----------------------------------

আর জি করের ঘটনার প্রেক্ষিতে চিকিৎসকদের বিরুদ্ধে হিংসার যেকোন ঘটনাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে সর্বাধিক ৬ ঘণ্টার মধ্যে এফ আই আর দায়ের করতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের মহা নির্দেশক অতুল গোয়েল এই মর্মে সবকটি কেন্দ্রীয় সরকারী হাসপাতাল ও মেডিকেল কলেজের প্রধানদের চিঠি লিখেছেন। এতে বলা হয়েছে, বর্তমানে সরকারী হাসপাতালগুলিতে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের ওপর লাগাতার হামলার ঘটনা বাড়ছে। অনেক স্বাস্থ্য কর্মী কর্তব্য পালন করতে গিয়ে আহতও হয়েছেন।

----------------------------------

৭০-তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষিত হয়েছে। সেরা চলচ্চিত্র মালায়ালাম ছবি আট্টম। অন্যদিকে অকাহিনী চিত্র বিভাগে সেরা ছবির পুরস্কার পেয়ছেন আয়না। কৌশিক গাঙ্গুলীর কাবেরী অন্তর্ধান সিনেমাটি শ্রেষ্ঠ বাংলা ছবি নির্বাচিত হয়েছে। ২০২৩-এ মুক্তিপ্রাপ্ত উত্তরবঙ্গের পটভূমিকায় নির্মিত এই রোম্যান্টিক থ্রিলার সিনেমাটির মুখ্য ভূমিকায় রয়েছেন প্রসেনজিত্ চ্যাট্যার্জী ও শ্রাবন্তী চ্যাটার্জী।

অন্যদিকে, অনিক দত্ত পরিচালিত সত্যজিত্ রায়ের জীবনী নির্ভর বাংলা ছবি অপরাজিত দুটি পুরস্কার লাভ করেছে। সোমনাথ কুন্ডু সেরা মেকআপ এবং অনিন্দ আঢ্য শ্রেষ্ঠ প্রোকাডকশন ডিজাইনের জন্য নির্বাচিত হয়েছেন।

হিন্দীতে সেরা ছবির পুরস্কার পাচ্ছে গুলমোহর। এছাড়া শ্রেষ্ঠ হিন্দী ছবি উচাই-এর জন্য সুরজ বরজাতিয়া শ্রেষ্ঠ পরিচালক নির্বাচিত হয়েছেন।

কান্তারা সিনেমায় অসাধারণ অভিনয়ের জন্য ঋষভ শেট্টি সেরা অভিনেতার পুরষ্কার পাচ্ছেন। সেরা অভিনেত্রী নির্বাচিত হয়েছেন দুজন। তামিল চলচ্চিত্র তিরুচিত্রম বালম-এর জন্য নিত্যা মেনন এবং গুজরাটি চলচ্চিত্র কচ্ছ এক্সপ্রেস এর জন্য সেরা মানসি পারেখ। নেপথ্য পুরুষ কণ্ঠের সেরা স্বীকৃতি পেয়েছেন অরিজিত সিং। সেরা মহিলা কণ্ঠ শিল্পী বোম্বে জয়শ্রী।

---------------------------------

আজ ফুটবলপ্রেমী দিবসে কলকাতা সহ বিভিন্ন জেলায় মোট এক হাজার ৫৮ জন রক্ত দান করেছেন। আইএফএ ও এসোসিয়েশন অফ ভলেন্টারি ব্লাড ডোনারর্স ওয়েস্ট বেঙ্গলের উদোগে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক শিবিরে ৩৬০ জন রক্ত দিয়েছেন। এবার রক্তদাতাদের প্রাক্তন ফুটবলার শিশির ঘোষের স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হয়।

১৯ শো ৮০ সালের ১৬ ই অগাষ্ট ইডেনে মোহনবাগান - ইস্টবেঙ্গল ম্যাচে এক মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জন দর্শক প্রাণ হারিয়েছিলেন। সেই ঘটনার স্মরণে ১৯ শো ৮১ সাল থেকে এই দিনটি রক্ত দানের মধ্য দিয়ে ফুটবলপ্রেমী দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

---------------------------------

রাজ্যের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ রাজ্যব্যাপী 'খেলা হবে দিবস' পালিত হয়েছে। রাজ্যের ৩৪৫ টি ব্লক , ১১৯ টি পৌরসভা, ৭ টি মিউনিসিপ্যাল

কর্পোরেশন , ২৩ টি জেলা সদর ও জিটিএ , কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অন্তর্গত ১৪৪ টি ওয়ার্ড,এর আই এফ এ অনুমোদিত ১৭৬ টি ক্লাবে সব ধরনের খেলার মাধ্যমে দিনটি পালন করা হয়। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস এ জন্য অভিনন্দন জানিয়েছেন । তিনি বলেন, সব ধরনের খেলার উন্নতির স্বার্থে সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে। এ জন্য আটটি একাডেমী রাজ্যজুড়ে গড়ে তোলা হয়েছে।

-------------------------------- --------------------------------